



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা
কাস্টমস: অটোমেশন শাখা

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০৯১.১৬.০০৩.২০.২৫৭

তারিখ: ১৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: আমদানি-রপ্তানিকারকদের বিজনেস আইডেন্টিফিকেশন নম্বর (BIN) নিষ্ক্রিয়করণের ক্ষেত্রে সর্ভকতা।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানিকারকদের বিজনেস আইডেন্টিফিকেশন নম্বর (BIN) এর তথ্য আইভাস অ্যাডমিনিস্ট্রিটিভ ইউনিটের সিস্টেম হতে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে API এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে, যা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিলের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। এছাড়া, ভ্যাট অনলাইন সিস্টেম হতে কোন BIN এর স্ট্যাটাস পরিবর্তন করা হলে তা রিয়েল টাইম ভিত্তিতে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে আপডেট হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু ক্ষেত্রে এরিয়া কোড পরিবর্তনের কারণে ভ্যাট অনলাইন সিস্টেমে কিছু BIN নিষ্ক্রিয় করা হচ্ছে, যাদের বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি বা এক্সপোর্ট, এলসি, ই-এক্সপি ইত্যাদি অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে। অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি বা এক্সপোর্ট সংশ্লিষ্ট ডকুমেন্ট প্রক্রিয়াধীন থাকা অবস্থায় কোন BIN নিষ্ক্রিয় করা হলে তার পরবর্তী কার্যক্রম অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে গ্রহণ করা সম্ভব হয় না, যা পণ্য খালাসে নানাধরনের জটিলতা সৃষ্টি করে। উল্লেখ্য, নিষ্ক্রিয় BIN এর বিপরীতে অপেক্ষমান থাকা বিল অব এন্ট্রি বা এক্সপোর্টের কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে প্রায়শঃ মাঠ পর্যায়ের দপ্তরসমূহ হতে নিষ্ক্রিয় থাকা BIN অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কার্যকর করার অনুরোধ পাওয়া যায়। ফলে একই BIN এর বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের দুটি সিস্টেমে দুটি ভিন্ন ভিন্ন স্ট্যাটাস বিদ্যমান থাকে, যা ডাটা আদান-প্রদানের সিনক্রোনাইজেশন বিনষ্ট করে। এছাড়া, এ ধরনের অনুশীলনে ডাটাবেজ পর্যায়ে পরিবর্তনের প্রয়োজনীয়তা থাকে বিধায় তা পরবর্তীতে নানাবিধ জটিলতা সৃষ্টি করে।

০২। এমতাবস্থায়, উভয় সিস্টেমের কার্যক্রম নির্বিঘ্নে পরিচালনার লক্ষ্যে ভ্যাট অনলাইন সিস্টেমে কোন আমদানি-রপ্তানিকারকের BIN নিষ্ক্রিয় করার পূর্বে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে উক্ত BIN এর বিপরীতে কোন বিল অব এন্ট্রি বা এক্সপোর্ট সংশ্লিষ্ট ডকুমেন্ট প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে কিনা তা যাচাইপূর্বক BIN নিষ্ক্রিয় করার অনুরোধ করা হলো।

০৪-১১-২০২৪
মোঃ জাহিদুর রহমান
সিস্টেম ম্যানেজার

সদস্য, ভ্যাট নীতি, জাতীয় রাজস্ব বোর্ড।

দৃষ্টি আকর্ষণ

জনাব মোঃ গোলাম মোস্তফা, সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০৯১.১৬.০০৩.২০.২৫৭/১(৩)

১৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৪ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও;
- ২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/ রাজশাহী/ রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম; এবং
- ৩। পিএটু সদস্য, কাস্টমস: নীতি ও আইসিডি, জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২

০৫-১১-২০২৪
মোঃ জাহিদুর রহমান
সিস্টেম ম্যানেজার